# 12597 - রোযাদার কর্তৃক থুথু ও কফ গিলে ফেলা

## প্রশ্ন

প্রশ্ন: রমযানে থুথুর কারণে কি রোযা ভেঙ্গে যাবে, নাকি ভাঙ্গবে না? কারণ আমার মুখে অনেক থুথু আসে। বিশেষতঃ আমি যখন কুরআন তেলাওয়াত করি এবং মসজিদে থাকি।

## প্রিয় উত্তর

রোযাদার যদি থুথু গিলে ফেলে এতে তার রোযা নষ্ট হবে না; এমনকি সে থুথু অনেক বেশি হলেও; সেটা মসজিদে হলেও কিংবা অন্য কোন স্থানে হলেও। তবে যদি কফের মত ঘন শ্লেষ্মা হয় তাহলে গিলবে না। বরং আপনি মসজিদে থাকলে টিস্যু পেপারে কিংবা অন্য কিছুতে থু করে ফেলে দিবেন।

আল্লাহ্‌ই তাওফিকদাতা। আমাদের নবী মুহাম্মদ, তাঁর পরিবারবর্গ ও তাঁর সাহাবীবর্গের ওপর আল্লাহ্‌র রহমত ও শান্তি বর্ষিত হোক।

ফতোয়া ও গবেষণা বিষয়ক স্থায়ী কমিটি (১০/২৭০)

যদি বলা হয়:

ইচ্ছাকৃতভাবে কফ গিলে ফেলা কি জায়েয আছে?

জবাব: রোযাদার ও বে-রোযদার উভয়ের জন্যে কফ গিলে ফেলা নাজায়েয। কেননা কফ ঘৃণিত জিনিস। হতে পারে কফের মধ্যে এমন কিছু রোগ রয়েছে যা শরীর থেকে নিঃসরিত হয়েছিল। কিন্তু, কফ গিলে ফেললে রোযা ভাঙ্গবে না। কেননা কফ মুখ থেকে বের হয়নি। কফ গিলে ফেলাটা পানাহার হিসেবে গণ্য হয় না। তাই কফ মুখে চলে আসার পর গিলে ফেললে এতে করে রোযা ভাঙ্গবে না।[শাইখ উছাইমীনের 'আল-শারহুল মুমতি' গ্রন্থ (৬/৪২৮) থেকে সমাপ্ত]